

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ঐষধ প্রশাসন অধিদপ্তর  
ঐষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২  
[www.dgda.gov.bd](http://www.dgda.gov.bd)

স্মারক নং-ডিএ/এলাট-নোটিশ-০১/২০১৭/ ১৬৮৯৪

তারিখঃ ১৯/০৯/২০১৮

বরাবর

বিষয়ঃ Zhejiang Huahai, Chaina কর্তৃক উৎপাদিত Valsartan জাতীয় কাঁচামালে ক্ষতিকারক Impurity NDMA (N-Nitrosodimethylamine) উপস্থিতি থাকায় উক্ত কাঁচামাল দ্বারা উৎপাদিত Valsartan/Valsartan+Hydrochlorothiazide/Valsartan+Amlodipine/Sacubitril+Valsartan জাতীয় ঔষধ Recall করণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, Zhejiang Huahai, Chaina কর্তৃক উৎপাদিত Valsartan কাঁচামালে NDMA (N-Nitrosodimethylamine) নামীয় কার্সিনোজেনিক Impurity সন্তুষ্ট হওয়ায় ইউএসএ, কানাডা, ইউরোপীয়ান ইউনিয়নভুক্ত বিভিন্ন দেশসহ ২৩টি দেশ উক্ত কাঁচামাল দ্বারা উৎপাদিত Valsartan জাতীয় ঔষধ বাজার হতে প্রত্যাহার করেছে।

আপনাদের প্রতিষ্ঠানের অনুকূলে Valsartan/ Valsartan+ Hydrochlorothiazide/ Valsartan+ Amlodipine/ Sacubitril+Valsartan ট্যাবেলট জাতীয় ঔষধের নিবন্ধন রয়েছে।

এমতাবস্থায়, Zhejiang Huahai, Chaina থেকে আমদানিকৃত Valsartan কাঁচামাল ব্যবহার করে আপনাদের কর্তৃক উৎপাদিত Valsartan জাতীয় ঔষধ আগামী ০৫ (পাঁচ) দিনের মধ্যে জনস্বাস্থ্যের নিরাপত্তা বিবেচনা করে সকল সরবরাহকৃত বিভিন্ন ফার্মেসী/প্রতিষ্ঠান হতে নিজস্ব চ্যানেলের মাধ্যমে প্রত্যাহার করে পরিমাণ উল্লেখপূর্বক ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হল।

এই সাথে উল্লিখিত উৎস হতে সংগৃহীত কাঁচামাল যদি আপনাদের প্রতিষ্ঠানে মওজুদ থাকে এবং উক্ত কাঁচামাল দ্বারা উৎপাদিত ঔষধ যদি মওজুদ থাকে তা একই সময়ের মধ্যে অত্র দণ্ডরকে অবহিত করার জন্য বলা হল।

ইহা অতীব জরুরী।

  
মোঃ গোলাম কিবরিয়া ১৯/০৯/১৮

পরিচালক (প্রশাসন)

পক্ষ-মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৮৮০৮০৩

E-mail: [dgda@gmail.com](mailto:dgda@gmail.com)